**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কর কমিশনার এর কার্যালয়
কর অঞ্চল-২, চট্টগ্রাম।
সরকারী কার্য ভবন-১ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
(Web : www.ctgtaxeszone2.gov.bd, E-mail : ctgzone2@gmail.com)

নথি নং ঃ ৫ই-৬/২০১৮/ তারিখ ঃ ২১.০২.২০১৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-২ (কর) এর পত্র নথি নং - ০৮.০০.০০০০.০৩৭.১১.০২৯.১৭. ৫৪৩/১(৫), তারিখ ২০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ মোতাবেক ছাড়পত্র প্রাপ্তির পরিপ্রেক্ষিতে এতদ্বারা কর কমিশনার এর কার্যালয়, কর অঞ্চল-২, চট্টগ্রাম এর ১১তম গ্রেড হতে ২০তম গ্রেডে নিম্নলিখিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য চট্টগ্রাম বিভাগের জেলা সমূহে স্থায়ীভাবে বসবাসকারী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে ডাকযোগে (হাতে হাতে গ্রহণযোগ্য নয়) **স্বহস্তে বাংলায় লিখিত** আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>টাঃ ১২৫০০-৩০,২৩০/- | ১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) ডাটা এন্ট্রি বা কন্ট্রোল অপারেটর কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা এবং<br>(গ) অপারেটর অ্যাপটিচিউড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | চট্টগ্রাম বিভাগের সকল জেলা। |
| ২. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ৬ (ছয়) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। | চট্টগ্রাম বিভাগের সকল জেলা। |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/- | ১১ (এগার)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় পারদর্শী ;<br>(খ) শর্ট হ্যান্ডে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ হতে হবে ;<br>(গ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ হতে হবে। | রাঙ্গামাটি জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে মুক্তিযোদ্ধা কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৬ (ছয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় পারদর্শী ;<br>(খ) কম্পিউটার টাইপে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ হতে হবে। | চট্টগ্রাম বিভাগের সকল জেলা। |
| ৫. | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/- | ৩ (তিন) টি | (ক) ৮ম শ্রেণী পাস।<br>(খ) হালকা/ভারী যানবাহন চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | চট্টগ্রাম ও চাঁদপুর জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে মুক্তিযোদ্ধা কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ৬. | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | চট্টগ্রাম ও বান্দরবান জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে মুক্তিযোদ্ধা কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ৭. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ৭ (সাত) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | খাগড়াছড়ি, চাঁদপুর ও নোয়াখালী জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে মুক্তিযোদ্ধা কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |
| ৮. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>টাঃ ৮,২৫০-২০,০১০/- | ২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত চট্টগ্রাম বিভাগের সকল জেলা (তবে মুক্তিযোদ্ধা কোটায় চট্টগ্রাম বিভাগের সকল জেলা)। |

## প্রয়োজনীয় শর্তাবলী ঃ

(১) যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিম্নবর্ণিত ফরমেট/ছক অনুযায়ী সাদা কাগজে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত আবেদনপত্র "কর কমিশনার, কর অঞ্চল-২, চট্টগ্রাম, সরকারী কার্যভবন-১ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০" বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে। আবেদনপত্র স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত না হলে এবং হাতে হাতে প্রেরণ করা হলে তা বাতিল বলে গণ্য হবে।

## চাকুরির আবেদন ফরম

বরাবর -

**কর কমিশনার**
কর অঞ্চল-২
সিজিও বিল্ডিং নং-১ (৩য় তলা)
আগ্রাবাদ, চট্টগ্রাম।

রঙিন ছবি
(৫×৫ সে.মি.)
সম্প্রতি তোলা ৪
কপি

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | | | | | | |
| ৭. | ২৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান নম্বর: | তারিখ: | দি ন মা স ব ৎ স র | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

(২) আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত (অবশ্যই সত্যয়নকারী কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীল থাকতে হবে) নিম্নোক্ত কাগজপত্র সমূহ ক্রমানুসারে সংযুক্ত করতে হবে ঃ-

(ক) প্রার্থীর সাম্প্রতিককালের ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি ;

(খ) 'উপ কর কমিশনার (সদর ঃ প্রশাসন), কর অঞ্চল-২, চট্টগ্রাম' বরাবরে (চালান কোড নং- ১-১১৪১-০০৪৫-২০৩১)-তে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১ হতে ৫ এর ক্ষেত্রে আবেদনকারীকে প্রতি পদে ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-৬ হতে ৮ এর ক্ষেত্রে আবেদনকারীকে প্রতি পদে ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি।

(৩) খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। এছাড়া একটি ৯.৫"x ৪.৫" সাইজের খামে প্রার্থীর যোগাযোগের ঠিকানা লিখে অব্যবহৃত ১০ (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিট লাগিয়ে খামটি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(৪) সাধারণ ও বিভাগীয় প্রার্থীদের বেলায় বয়স সীমা ২৫.০২.২০১৮ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৫) সরকারী নিয়োগবিধি অনুযায়ী সকল কোটা যথা - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্য, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী যথাযথভাবে অনুসরণ করা হবে।

(৬) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৭) প্রার্থীর স্বাক্ষরযুক্ত স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র আগামী ২৫.০৩.২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে কর কমিশনার, কর অঞ্চল-২, চট্টগ্রাম এর দপ্তরে ডাকযোগে পৌঁছাতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র পৌঁছালে তা বাতিল বলে গণ্য হবে।

(৮) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন এবং চট্টগ্রাম বিভাগ বহির্ভূত জেলার প্রার্থীর আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(৯) প্রাপ্ত সকল আবেদনপত্র এন্ট্রির পর কেবল উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় ডাকা হবে।

(১০) মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই নিম্নোক্ত শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্র / কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে ঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা / প্রশিক্ষণের মূল সার্টিফিকেট ;

(খ) আবেদনকারীর আত্মীয় নন এমন ১ম শ্রেণীর গেজেটেড অফিসার হতে চারিত্রিক সার্টিফিকেট ;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌরসভার মেয়র / কাউন্সিলর / সিটি কর্পোরেশনের মেয়র / কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব / জাতীয়তা সার্টিফিকেট ;

(ঘ) জাতীয় পরিচয়পত্র ;

(ঙ) বিশেষ কোটায় আবেদনের সমর্থনে কোটা সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট। অর্থাৎ, মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা মোতাবেক নিম্নবর্ণিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র -

(i) ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ ; অথবা

(ii) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্রঃ-১/২০০২/০২নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র ;

(iii) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৬.০১.২০১১ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.১২৪.২০১০-২৬নং পরিপত্র মোতাবেক প্রার্থী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যা মুক্তিযোদ্ধা কোটা প্রাপ্য হবেন;

(iv) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র / কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট ;

(v) আবেদনকারী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র / কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

(vi) উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীকে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ইত্যাদি সঙ্গে আনতে হবে।

(১১) প্রার্থীদের নিজ খরচে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা দেয়া হবে না।

(১২) কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৩) উল্লিখিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারী নিয়মাবলী অনুসরণ করা হবে।

(১৪) বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধি করাসহ প্রকাশিত বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৫) নিয়োগ প্রক্রিয়া চলাকালে অথবা নিয়োগ প্রক্রিয়া শেষে ভেরিফিকেশনকালে কোন আবেদনকারীর শিক্ষাগত সার্টিফিকেট, স্থায়ী বাসিন্দা ও নাগরিকত্বের সার্টিফিকেট এবং কোটা সংশ্লিষ্ট সার্টিফিকেট ভূয়া / জাল প্রমাণিত হলে আবেদনকারীর আবেদন / নিয়োগপত্র সরাসরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ;

(১৬) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**(মোহাম্মদ মাসুম বিল্লাহ)**
উপ কর কমিশনার (সদর ঃ প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-২, চট্টগ্রাম।
ফোন ঃ ০৩১-২৫১৫৫৭২